



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.brdb.gov.bd



মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

### অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব সুপ্রিয় কুমার কুন্ডু  
মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, ঢাকা  
তারিখ : ২১/০৬/২০২১ খ্রি।  
সময় : বিকাল ৪:০০ টা।  
সভার স্থান : বিআরডিবি'র সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা করার জন্য উপপরিচালক(জনসংযোগ ও সমন্বয়) কে অনুরোধ করেন। তিনি বলেন যে, সরকারি কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারণা পরিবর্তন করে জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি আরও জানান যে, সমৃদ্ধশালী সোনার বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চার অনুসরণ করা দরকার। অতঃপর শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময়কালে নিম্নোক্ত আলোচনা হয়ঃ

শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময়কালে সভাপতি বলেন, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়-সীমা নির্ধারিত রয়েছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বণ্টনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময় সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে তার নিজ নিজ দায়িত্ব পালন করা আবশ্যিক। অন্যথায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে। এতে বিআরডিবি'র সামগ্রিক কর্ম মূল্যায়ন ব্যাহত হবে। এজন্য সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লিখিত সময় সীমার মধ্যে তার কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করা হয়।

অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণকালে সভাপতি বলেন, বিআরডিবি'র সেবার মান বৃদ্ধির জন্য জিআরএস ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। বিআরডিবি'র ওয়েবসাইটে জিআরএস সেবাবক্স তৈরি হয়েছে। সেখান থেকে তাদের যাবতীয় অভিযোগের প্রতিকারের জন্য জিআরএস কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারবেন এবং অভিযোগ নিষ্পত্তি করতে পারবেন।

সেবাপ্রদান প্রতিশ্রুতির বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারী এবং সেবা গ্রহীতার উদ্দেশ্যে সভাপতি বলেন, বিআরডিবি'র সেবা প্রাপ্তির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) রয়েছে। বিআরডিবি'র জেলা ও উপজেলা কার্যালয়ে এবং বিআরডিবি'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বক্স রয়েছে। বিআরডিবি'র সেবা সহজীকরণের লক্ষ্যে বিস্তারিত তথ্য সেখানে লিপিবদ্ধ রয়েছে।

বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

- ১) প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি ১০০ ভাগ অর্জন নিশ্চিত করতে হবে;
- ২) অংশীজনদের সেবা নিশ্চিত করে তাদেরকে শুদ্ধাচার/ উত্তম চর্চা গ্রহণে উৎসাহ প্রদান করতে হবে;
- ৩) জিআরএস ফোকাল পয়েন্ট/ জিআরএস কর্মকর্তা সেবা গ্রহীতাদের সকল অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন;

৪) সিটিজেন চার্টার অনুযায়ী সেবা ১০০% নিশ্চিত করতে হবে;

৫) লক্ষ্যমাত্রায় উল্লিখিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় উপস্থাপিত হয়নি। অতঃপর সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




সুপ্রিয় কুমার কুন্ডু  
মহাপরিচালক (গ্রেড-১)  
বিআরডিবি, ঢাকা

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯.০৬৩২

তারিখঃ ২৩/০৬/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রকল্প/ কর্মসূচি পরিচালক ..... বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা।
- ২। উপপরিচালক ..... বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপপরিচালক (সকল জেলা), বিআরডিবি.....জেলা।
- ৫। জনাব/বেগম.....।
- ৬। সংশ্লিষ্ট নথি।



মোঃ নুরুজ্জামান  
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)  
ফোনঃ ৮১৮০০১৮